

স্মারক নং ৩৪.০২.৪০৪৭.০৩৩.২৮.০০৮.২২- ২৪২

তারিখ : ০৯ পৌষ ১৪৩০  
২৪ ডিসেম্বর ২০২৩

বিষয় : বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ অর্থবছরে খুলনা জেলায় অনূর্ধ্ব-১৫ ফুটবল প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ অর্থ বছরে খুলনা জেলা ক্রীড়া অফিসের আয়োজনে খুলনা জেলার মাধ্যমিক, দাখিল মাদ্রাসা ও ক্রীড়াক্লাবের অনূর্ধ্ব-১৫ প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণের মাধ্যমে আগামী ২৬ ডিসেম্বর ২০২৩ সকাল ০৯.৩০ টা হতে খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স মাঠে মাসব্যাপী ফুটবল প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের আগ্রহী ০৫ (পাঁচ) জন প্রশিক্ষণার্থীর নামের তালিকা পিতা ও মাতার নামসহ ( প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ) প্রশিক্ষণ স্থলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**প্রশিক্ষণের নিয়মাবলী :**

- ০১। প্রশিক্ষণের স্থান : খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স মাঠ, সোনাডাঙ্গা, খুলনা।
- ০২। প্রশিক্ষণ শুরুর তারিখ : ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রি:
- ০৩। প্রশিক্ষণার্থীদের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর নিয়মিত ছাত্র এবং বয়স ১৫ বছরের নিচে হতে হবে।
- ০৪। (০১/০১/২০০৯) বা এর পর যাদের জন্ম তারাই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে।
- ০৪। প্রশিক্ষণার্থীদের অবশ্যই নামের তালিকা এবং উপযোগী পোশাকসহ যথাসময়ে প্রশিক্ষকের কাছে রিপোর্ট করতে হবে।
- ০৫। প্রশিক্ষণের উদ্বোধনী ও সমাপনী দিন শিক্ষা প্রতিষ্ঠানের কোচ/ক্রীড়া শিক্ষককে উপস্থিত হওয়ার নির্দেশনা প্রদান করতে হবে।
- ০৬। প্রশিক্ষণার্থীদের জার্সি, যাতায়াত ভাতা ও সনদপত্র প্রদান করা হবে।

খেলাধুলার প্রসার, ক্রীড়া প্রতিভার বিকাশ ও অন্বেষণ কার্যক্রমকে বেগবান করাসহ নতুন খেলোয়াড় সৃষ্টির এ উদ্যোগকে সফল করার লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের অংশগ্রহণপূর্বক সহযোগিতা কামনা করছি।

প্রাপক,  
প্রধান শিক্ষক/সুপার/সম্পাদক/কোচ,

.....  
.....

  
28/12/2023  
মো: বকতিয়ার রহমান গাজী  
জেলা ক্রীড়া অফিসার  
খুলনা  
ফোন: ০২৪-৭৭৭২৩৭৭৬  
ফোন: ০১৭২৫০০০০০১

স্মারক নং ৩৪.০২.৪০৪৭.০৩৩.২৮.০০৮.২২- ২৪২ (০৫)

তারিখ : ০৯ পৌষ ১৪৩০  
২৪ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

- ০১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩। উপপরিচালক, জাতীয় ক্রীড়া পরিষদ, খুলনা ও বরিশাল বিভাগ।
- ০৪। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ০৫। সভাপতি, জেলা ফুটবল এ্যাসোসিয়েশন, খুলনা।
- ০৬। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, খুলনা।
- ০৭। জনাব.....
- ০৮। অফিস নথি।

  
28/12/2023  
মো: বকতিয়ার রহমান গাজী  
জেলা ক্রীড়া অফিসার  
খুলনা